



NOV. 02 2002

সিলেটের এসএসসি ও এইচএসসির মেধাবী ছাত্রছাত্রীদের সংবর্ধনা

যুগান্তর রিপোর্ট

সিলেট বিভাগের মেধাবী ছাত্রছাত্রীদের দেয়া সংবর্ধনা সভায় বক্তারা বলেছেন, বর্তমান প্রজন্মই লেখাপড়ায় সিলেটের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনবে। আলোকিত মানুষ হিসেবে জাতীয় জীবনে ভূমিকা রাখবে। গতকাল শুক্রবার বিকালে রাজউক মিলনায়তনে এই প্রাণবন্ত সংবর্ধনা সভার আয়োজন করে সিলেট বিভাগ উন্নয়ন পরিষদ। রাগীব আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় এসএসসি ও এচিএসসি পরীক্ষায় সিলেট বিভাগে যারা মেধা তালিকায় ছিল তাদের ফ্রেস্টসহ নানা উপহার দেয়া হয়। দুলাল আহমদ চৌধুরীর উপস্থাপনায় এ সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ, সিলেট সিটি কর্পোরেশনের মেয়র বদর উদ্দিন আহমদ কামরান, হবিগঞ্জ পৌরসভা চেয়ারম্যান শহীদ উদ্দিন চৌধুরী, ডা. সিএম দিলওয়ার রানা, ওয়েছুর রহমান চৌধুরী, নাজমুল ইসলাম লাকী, মো: সিরাজুল ইসলাম, মফিজুর রহমান, শাহ আবদুল বাহির, মোখলেছুর রহমান, আকবর হোসেন মঞ্জু, তাহমিনা রহমান চৌধুরী প্রমুখ।

শামীম হাসান বৃত্তি প্রদান ও পুরস্কার বিতরণ

পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলার ফজিলা রহমান মহিলা মহাবিদ্যালয়ের একাদশ শ্রেণীর নবাগত ছাত্রীদের নবীন বরণ এবং মেধাবী ও কৃতি ছাত্রীদের শামীম হাসান বৃত্তি প্রদান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত বৃহস্পতিবার কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অধ্যক্ষ সৈয়দ আমিনুল হক এতে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল ওহাব খান। বিশেষ অতিথি ছিলেন আলহাজ্ব মোহাম্মদ শামীম হাসান ও অধ্যাপিকা শাহনাজ হাসান বেবী। অনুষ্ঠানে মানপত্র পাঠ করেন মোসাম্মৎ লাকী। বক্তব্য রাখেন সাবেক যুগ্ম সচিব এম শামসুল হক, সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যক্ষ মোহাম্মদ শাহ আলম হাওলাদার, শ্রমিক দলের সভাপতি ইসমাইল হোসেন মোল্লা, অধ্যাপিকা সেফালী বেগম, অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর কবির, সৈয়দা শারাবান তহুরা, ফাতেমা নুসরত, রঞ্জন বকশী নুপু, ফারজানা ইয়াসমিন লোপা, পলি মণ্ডল এবং দাবী মণ্ডল। অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।